# শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য আমি: জামায়াত আমির




জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, তিনি নিজেও এক শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান। দেশের বর্তমান পরিস্থিতি দেখে তার মনে হয়, আজকের বাস্তবতা হলে তার ভাই হয়তো মুক্তিযুদ্ধে যেতেন না। তার ভাষায়, মুক্তিযুদ্ধের লক্ষ্য ছিল ন্যায় ও সাম্যের রাষ্ট্র গঠন, কিন্তু পরবর্তী সময়ে রাষ্ট্র পরিচালনায় ব্যর্থতার কারণে সেই স্বপ্ন পূরণ হয়নি।

শনিবার (৭ ফেব্রুয়ারি) হবিগঞ্জের নিউফিল্ড মাঠে আয়োজিত এক নির্বাচনী জনসভায় তিনি এসব কথা বলেন।

তিনি আরও প্রশ্ন তোলেন, জীবন উৎসর্গ করা শহীদদের প্রতি দেশ ও রাজনৈতিক নেতৃত্ব কতটা দায়িত্বশীল আচরণ করেছে। শহীদদের কল্পনায় ছিল নিরাপদ ও ন্যায়ভিত্তিক সমাজ, যা বাস্তবে প্রতিষ্ঠিত হয়নি বলেও তিনি মন্তব্য করেন।

নারীদের নিরাপত্তার প্রসঙ্গে ডা. শফিকুর রহমান বলেন, কিছু রাজনৈতিক মহল নারীদের প্রতি অসম্মানজনক আচরণ করছে। তিনি বলেন, আগে নিজেদের পরিবারের নারী সদস্যদের সম্মান করতে শিখতে হবে, তাহলেই দেশের সব মা-বোনের মর্যাদা রক্ষা করা সম্ভব। এ ধরনের আচরণ থেকে বিরত থাকার আহ্বানও জানান তিনি।

LENS ASIA